



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)



বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.১৯.০০৩.২০/২২৭

তারিখঃ ১৮ মার্চ ২০২০

অফিস বিজ্ঞপ্তি

করোনা এক ধরনের সংক্রামক ভাইরাস যা ইতিমধ্যে পৃথিবীর অনেক দেশে ছড়িয়ে পড়েছে। সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) একে বৈশ্বিক মহামারি হিসেবে ঘোষণা করেছে। এতদপ্রেক্ষিতে, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিম্নোক্ত বিষয়ে সচেতন থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

রোগের লক্ষণ:

জ্বর, কাশি, শ্বাস প্রশ্বাসের সমস্যা ই মূলত প্রধান লক্ষণ। এটি ফুসফুসে আক্রমণ করে। সাধারণত শুরু কাশি ও জ্বরের মাধ্যমেই শুরুতে উপসর্গ দেখা দেয়, পরে শ্বাস প্রশ্বাসে সমস্যা দেখা দেয়। সাধারণত রোগের উপসর্গগুলো প্রকাশ পেতে গড়ে পাঁচদিন সময় নেয়।

রোগটি কিভাবে ছড়ায়:

করোনা ভাইরাস তখনই সুস্থ মানুষের সংস্পর্শে আসবে যখন কেউ আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসে। ভাইরাসটি কতটা সংক্রামক, তার উপর নির্ভর করে কাশি, হাঁচি বা হ্যাশশেকের মাধ্যমে ছড়াতে পারে। আক্রান্ত ব্যক্তি ছুঁয়েছে এমন কিছু স্পর্শ করার পর সেই হাত দিয়ে মুখ, নাক বা চোখ স্পর্শ করলে সংক্রমণ হতে পারে। এমনকি রোগীর বর্জ্য থেকে চিকিৎসকরাও আক্রান্ত হতে পারেন।

রোগ প্রতিরোধের উপায়:

আক্রান্ত ব্যক্তি ও তার সেবা দানকারী ব্যক্তিকে মাস্ক ব্যবহার করতে হবে এবং সংগরোধ মেনে চলতে হবে। নাক-মুখ ঢেকে হাঁচি-কাশি দিতে হবে। ডিম, মাংসসহ অন্যান্য খাবার ভালো করে রান্না করতে হবে। রোগীর থেকে দূরে থাকুন। নিয়মিত হাত ধুয়ে রাখুন।

করোনা ভাইরাসের লক্ষণ দেখা দিলে অবহেলা না করে বাপেক্স এর চিকিৎসকের সাথে অথবা নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করতে হবে। প্রয়োজন আইইডিসিআর এর বর্ণিত নম্বরে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো: ০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭-০০০০১১, ০১৯২৭-৭১১৭৮৪, ০১৯২৭-৭১১৭৮৫।

১৮-০৩-২০২০

(মোহাম্মদ আবুল বশর)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
- ২। পরিচালক (অপারেশন/অনুসন্ধান), বাপেক্স, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় প্রধান..... বাপেক্স।
- ৪। সকল উপ-বিভাগীয় প্রধান..... বাপেক্স।
- ৫। উপমহাব্যবস্থাপক (আইসিটি), পরিকল্পনা বিভাগ, বাপেক্স, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
- ৬। সকল স্থাপনা প্রধান..... বাপেক্স।
- ৭। সকল ডিআইসি/এফআইসি/পিসি বাপেক্স।
- ৮। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার্স এসোসিয়েশন, বাপেক্স, ঢাকা।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপেক্স কর্মচারী শ্রমিকলীগ (সিবিএ), রেজিঃ নং ২০১৬
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপেক্স এমপ্লয়ীজ ইউনিয়ন, রেজিঃ নং ২১০৬
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপেক্স কর্মচারী ইউনিয়ন, রেজিঃ নং ১৮৮৪
- ১২। সকল নোটিশ বোর্ড
- ১৩। অফিস কপি।

BAPEX BHABAN, 4, Kawran Bazar C/A, Dhaka-1215, GPO Box-2092

Fax : 88-02-55011787, Website : www.bapex.com.bd, E-mail: mdbapex@bapex.com.bd